শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ


# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

**BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY**

GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX- 996695310-14, WEB-www.bsmrau.edu.bd


স্মারক নং- বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০২৩/৯৯১ তারিখ: ২৩/০৩/২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত কর্মচারী পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনক্রম | বিভাগ/শাখার নাম ও পদসংখ্যা |
|---|---|---|
| ১. | সহকারী ফটোগ্রাফার (৮ ১২৫০০-৩০২৩০) | জনসংযোগ শাখা-১ |
| ২. | ল্যাব সহকারী (৮ ১১০০০- ২৬৫৯০) | কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ-১ |

উপরোল্লিখিত পদসমূহের জন্য আবেদনপত্র জমাদানের শেষ তারিখ: **০২/০৫/২০২৩** বিকাল ৫ ঘটিকা

উল্লেখ্য যে, ০৬/১১/২০২২ তারিখের বশেমুরকৃবি/প্রঃ/ই-০৫/২০২১/২৫৮১ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতিপূর্বে যারা "সহকারী ফটোগ্রাফার" পদে আবেদন করেছিলেন, নতুন যোগ্যতা অর্জিত না হলে তাদেরকে পুনরায় আবেদন করতে হবে না। কর্মচারী পদে আবেদনের পৃথক নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।

২৩/০৩/২০২৩
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার

২৩/০৩/২০২৩ তারিখের বশেমুরকৃবি/প্র:/ই-০৫/২০২৩/৯৯১ সংখ্যক স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বছরের মধ্যে ছিল তারা বিজ্ঞাপিত পদসমূহে আবেদন করতে পারবেন। এছাড়া, মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে ঐ তারিখে বয়স অনধিক ৩২ বছর। এক্ষেত্রে কোটার সমর্থনে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে।

২. বশেমুরকৃবি ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে ০১ (এক) টি আবেদনপত্র রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর $A^4$ সাইজের কাগজে দাখিল করতে হবে।

৩. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) কম্পিউটার প্রশিক্ষণ চাওয়া হয়েছে এমন পদের ক্ষেত্রে সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান, যেমন জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা পরিষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বাকাশিবো) ইত্যাদি হতে প্রাপ্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ; ৭) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে $A^4$ সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৪. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করত: এবং স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম লিখতে হবে।

৫. ক্রমিক নং ১ পদের প্রার্থীকে ৩০০/-(তিনশত); ক্রমিক নং ২ পদের প্রার্থীকে ২০০/-(দুইশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬. খামের উপর পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (০২/০৫/২০২৩ বিকাল ৫ ঘটিকা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না। উল্লেখ্য যে, ১৭/০৪/২০২৩ হতে ০১/০৫/২০২৩ তারিখ পর্যন্ত ঈদুল ফিতর উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং/অথবা সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এজন্য কোন ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৯. নিয়োগপ্রাপ্তদের বাসা প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে।

১০. এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

১১. "অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীকাল-কে বুঝাবে।

## শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)

| নং | পদের নাম ও বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|
| ১. | সহকারী ফটোগ্রাফার<br>৳ ১২৫০০-৩০২৩০/- | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে স্নাতক ডিগ্রি; খ) SSC হতে স্নাতক পর্যন্ত যে কোন দুটি পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ৩.৭৫ (তিন দশমিক সাত পাঁচ) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ৩ (তিন) এবং অন্যটিতে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে কমপক্ষে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে কমপক্ষে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) থাকতে হবে অথবা নম্বর পদ্ধতিতে যে কোন দুটি পরীক্ষায় প্রথম বিভাগ/শ্রেণী এবং অন্যটিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণী; গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ১ (এক) বছর মেয়াদী প্রফেশনাল ফটোগ্রাফি প্রোগ্রাম/ডিপ্লোমা সম্পন্ন হতে হবে; ঘ) মিডিয়া এন্ড কমিউনিকেশন/থিয়েটার/ফিল্ম এন্ড মিডিয়া/চারুকলা বিষয়ে ডিগ্রিধারী এবং ফটোগ্রাফি কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; ঙ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; চ) বয়সসীমা অনধিক ৩০ বছর। |
| ২. | ল্যাব সহকারী<br>৳ ১১০০০-২৬৫৯০/- | ক) বিজ্ঞানে স্নাতক ডিগ্রি, অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে কৃষি বিজ্ঞানে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা; (খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর। |

২৩/০৩/২০২৩
(মো. সিরাজুল ইসলাম তালুকদার)
রেজিস্ট্রার